ভোরের কাগজ

তারিখ ... 01 DEC 1998 ...
পৃষ্ঠা ২০ কলাম ৪

33

# ছাত্র রাজনীতি সম্পর্কে রাষ্ট্রপতির বক্তব্যের সমালোচনা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে ছাত্র রাজনীতি সম্পর্কে রাষ্ট্রপতি বক্তব্যের সমালোচনা করেছেন বাসদ আহ্বায়ক খালেকুজ্জামান। তিনি বলেছেন, ছাত্র-রাজনীতি নয়; নীতি আদর্শ মূল্যবোধহীন বুর্জোয়া রাজনীতিই সমাজে ধ্বংসাত্মক ও সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য দায়ী। তিনি গতকাল সোমবার বিকালে নারায়ণগঞ্জে ডায়মন্ড চত্বরে অনুষ্ঠিত, জনসভায় প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

বাসদের ১৮তম প্রতিষ্ঠা বার্ষিকী ও রুশ বিপ্লবের ৮১ তম বার্ষিকী উপলক্ষে দলের জেলা সমন্বয়ক মাহবুবুর রহমান ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠিত এ জনসভায় আরো বক্তব্য রাখেন, আবদুল্লাহ সরকার ও আবু নাঈম খান বিপ্লব।

গণতান্ত্রিক ছাত্র ঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এক বিবৃতিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রদত্ত বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, রাষ্ট্রপতি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সন্ত্রাস-চাঁদাবাজির মূল-উৎসকে চিহ্নিত না করে ঢালাওভাবে ছাত্র রাজনীতিকে দায়ী করছেন। নেতৃবৃন্দ ছাত্র রাজনীতি বন্ধ করে নয় বরং অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেপ্তার, বিচার এবং দৃষ্টান্তমূলক শাস্তির মধ্য দিয়ে সন্ত্রাস নির্মূল করার দাবি জানান। বিজ্ঞপ্তি।